



পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

ফোন : ০৭৩১-৬৪৯৮১

ফ্যাক্স: ০৭৩১-৬৫১৩৪

জনসংযোগ কার্যালয়

রাজাপুর, পাবনা-৬৬০০।

প্রেস বিজ্ঞপ্তি

তারিখ: ১৩/০৩/২০২১

তিন বছর পূর্তি উপলক্ষে ফুলেল শুভেচ্ছা ও ভালোবাসায় সিক্ত হলেন পাবিত্রবি উপাচার্য

(১৩/০২৩/২০২১): পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. এম রোস্তুম আলী মহোদয়ের মেয়াদ পূর্তির তিন বছর উপলক্ষে উপাচার্যকে শিক্ষক-কর্মকর্তা-কর্মচারী ও শিক্ষার্থীরা ফুলেল শুভেচ্ছা জানিয়েছেন। আজ শনিবার সকালে উপাচার্য মহোদয় নিজ দপ্তরে ফুলেল শুভেচ্ছা ও ভালোবাসায় সিক্ত হয়ে বিশ্ববিদ্যালয় চলমান উন্নয়ন কার্যক্রম চালিয়ে নেয়ার জন্য সবার সহযোগিতা কামনা করেন। বক্তারা তাদের বক্তব্যে উল্লেখ করেন, উপাচার্য মহোদয় সঠিকভাবেই বিশ্ববিদ্যালয় পরিচালনা করছেন।



পাবিত্রবির উপাচার্য অধ্যাপক ড. এম রোস্তুম আলীর মেয়াদ পূর্তির তিন বছর উপলক্ষে শিক্ষক-কর্মকর্তা-কর্মচারীদের ফুলেল শুভেচ্ছা

২০১৮ সালের ঐতিহাসিক ০৭ মার্চ পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য হিসেবে যোগদান করেন রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ফলিত রসায়ন ও রসায়ন প্রকৌশল বিভাগের শিক্ষক প্রফেসর ড. এম রোস্তুম আলী। গত ০৭ মার্চ উপাচার্য মহোদয়ের তিন বছর মেয়াদ পূর্তির দিন ছিল। তিন বছর মেয়াদ সফলভাবে সম্পন্ন করার উপলক্ষে আজ ১৩ মার্চ অআনুষ্ঠানিকভাবে উপাচার্য মহোদয়কে ফুল দিয়ে শুভেচ্ছা জানান শিক্ষক-কর্মকর্তা-কর্মচারী ও শিক্ষার্থীরা। এসময় সহকারী অধ্যাপক ফারুক আহমেদের সঞ্চালনায় বক্তব্য দেন ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি অনুষদের ডিন প্রফেসর ড. সাইফুল ইসলাম, ইতিহাস ও বাংলাদেশ ষ্টাডিজ বিভাগের চেয়ারম্যান ড. মোঃ হাবিবুল্লাহ. পরিবহন প্রশাসক ড. মোঃ কামরুজ্জামান, রেজিস্ট্রার(চলতি দায়িত্ব) বিজন কুমার বন্ট, শিক্ষক সমিতির সাবেক সভাপতি ড. ওমর ফারুক, গেষ্ট হাউজ প্রশাসক, ড. হাসিবুর রহমান, প্রক্টর ড. প্রীতম কুমার দাস, ছাত্র উপদেষ্টা ড. সমীরণ কুমার সাহা, সহকারী প্রক্টর উত্তম কুমার চৌধুরী,



পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

ফোন : ০৭৩১-৬৪৯৮১

ফ্যাক্স: ০৭৩১-৬৫১৩৪

জনসংযোগ কার্যালয়

রাজাপুর, পাবনা-৬৬০০।

সহকারী প্রক্টর রফিকুল ইসলাম, অফিসার্স এসোসিয়েশনের সভাপতি হারুন রশিদ ডন, কর্মচারী পরিষদের সাধারণ সম্পাদক শাহরিয়ার পাভেল, ছাত্রলীগের সাধারণ সম্পাদক ফরিদুল ইসলাম বাবু প্রমুখ। এসময় টুরিজম এন্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট বিভাগের চেয়ারম্যান ড. মোঃ আমিরুল ইসলাম, আইসিটি সেলের পরিচালক আনোয়ার হোসেন, গণিত বিভাগের সাবেক চেয়ারম্যান ড. হারুন অর রশিদ, অফিসার্স এসোসিয়েশনের সাধারণ সম্পাদক সোহাগ হোসেন, কর্মচারী পরিষদের সভাপতি মোঃ মহিউদ্দিন প্রমুখ উপস্থিত ছিলেন।

শিক্ষক-কর্মকর্তা-কর্মচারী-শিক্ষার্থীরা বক্তব্যে বলেন, উপাচার্য প্রফেসর ড. এম রোস্তুম আলীর সততা, দক্ষতা, ধৈর্যশীলতা, প্রচেষ্টা, ন্যায়নিষ্ঠতা, সঠিক নির্দেশনা, কঠোর পরিশ্রম আর বিশ্ববিদ্যালয়ের প্রতি ভালোবাসার কারণে মাত্র তিন বছরে এই বিশ্ববিদ্যালয়ের ব্যাপক পরিবর্তন হয়েছে। সরকারের উন্নয়নের অগ্রযাত্রায় शामिल হয়েছে পাবিপ্রবি। উপাচার্য সঠিক পথেই আছেন বলে বিশ্ববিদ্যালয় ভালোভাবে চলছে। এক শ্রেণীর ষড়যন্ত্রকারী বিশ্ববিদ্যালয়ের উন্নয়নের বাধা সৃষ্টি করছে। তাদের বাধাকে অতিক্রম করেই উপাচার্য বিশ্ববিদ্যালয়কে এগিয়ে নিচ্ছেন।

উপাচার্য প্রফেসর ড. এম রোস্তুম আলী অনুভূতি ব্যক্ত করে বলেন, আমি যোগদানের পর দেখি এখানে শ্রেণি কক্ষ, পরীক্ষাগারের সংকট। হাজারো সমস্যা। অবকাঠামোগত কোন সুযোগ সুবিধা নাই। শিক্ষক-শিক্ষার্থীদের সুবিধার কথা চিন্তা করে উন্নয়ন প্রজেক্ট দাখিল করি এবং সরকার তা মঞ্জুর করেন। ৪৮০ কোটি টাকার প্রকল্প বাস্তবায়নের শেষ ধাপে আছে। আমি ছাত্র-শিক্ষককে সেবা দেয়ার চেষ্টা করছি। সরকারি নিয়মনীতির বাইরে কোন কাজকে গ্রহণ করি নাই। সবসময় সকলের মঙ্গলের দিকে তাকিয়েছি। সকলকে আপন মনে করেছি। তিনি সকলের সহযোগিতা কামনা করে বলেন, নিজের স্বার্থের দিকে না তাকিয়ে বিশ্ববিদ্যালয়ের স্বার্থের দিকে তাকাতে হবে। আদর্শ নাগরিক হওয়ার জন্য শিক্ষার্থীদের আরো মনযোগি হতে হবে। গবেষণায় নজর দিতে হবে। আমি শিক্ষক-শিক্ষার্থীদের আদর্শ শিক্ষা ও গবেষণার পরিবেশ তৈরীর জন্য সর্বাত্মক চেষ্টা করছি। শিক্ষার্থীদের উদ্দেশ্যে বলেন, শিক্ষকদের সম্মান করতে হবে। তাঁদের কাছ থেকে জ্ঞান আহরন করতে হবে। সকলের প্রচেষ্টায় বিশ্ববিদ্যালয়ের উন্নয়ন প্রচেষ্টা সচল রাখতে সবার সমান ত্যাগ স্বীকার করতে হবে।

বার্তা প্রেরক-

স্বাক্ষরিত/-

(মোঃ ফারুক হোসেন চৌধুরী)

উপ-পরিচালক

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, পাবনা।